

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 09.10.2024**

**Time: 7.50 P.M**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) নিরাপত্তা সহ ১০ দফা দাবিতে ধর্মতলায় অনশনরত জুনিয়ার ডাক্তারদের আলোচনায় বসার আহ্বান জানিয়েছে রাজ্য সরকার। বৈঠকে যোগ দেবেন জুনিয়ার ডাক্তাররা।
- ২) আন্দোলনরত চিকিৎসকদের প্রতি সমর্থন জানিয়ে রাজ্যের বিভিন্ন মেডিকেল কলেজ ও হাসপাতালে সিনিয়ার ডাক্তারদের প্রতীকি গণ ইস্তফা অব্যাহত।
- ৩) কেন্দ্রীয় সরকার, রেশনে পুষ্টি পদার্থ পূর্ণ চাল বা ফরটিফায়েড রাইস সরবরাহের সিদ্ধান্ত নিয়েছে।
- ৪) শারদীয়া দুর্গোৎসবের আজ ষষ্ঠী। মন্ডপে মন্ডপে ঢল নেমেছে দর্শণার্থীদের। শারদ সম্মান ঘোষণা রাজ্য সরকারের।

---

নিরাপত্তা সহ ১০ দফা দাবিতে ধর্মতলায় জুনিয়ার ডাক্তারদের আমরণ অনশন আন্দোলনের চারদিনের মাথায় রাজ্য সরকার তাদের আলোচনায় বসার আহ্বান জানিয়েছেন। এই মর্মে রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থ, জুনিয়ার চিকিৎসকদের মেইল পাঠিয়েছেন বলে জানা গেছে। মেইলে ৮ থেকে ১০ জনের একটি প্রতিনিধি দলকে সল্টলেকে স্বাস্থ্যভবনে কনফারেন্স হলে আলোচনার জন্য আহ্বান জানানো হয়েছে।

জুনিয়ার ডাক্তাররা নিজেদের মধ্যে আলোচনার পর স্বাস্থ্যভবনে যাচ্ছেন বলে অনশন মঞ্চ থেকে ডাক্তার দেবাশিস হালদার জানিয়েছেন।

এদিকে অনশনকারী চিকিৎসক অর্নব মুখোপাধ্যায় বলেন,

বাইট

বৈঠকে মুখ্যসচিব ও স্বাস্থ্যসচিব উপস্থিত থাকবেন বলে জানা গেছে।

পূর্ব ঘোষণা মতো জুনিয়ার ডাক্তারদের ‘অভয়া পরিক্রমা’ কর্মসূচীকে কেন্দ্র করে আজ ধর্মতলা চতুর উত্তপ্ত হয়ে ওঠে। চাঁদনীচকে পুলিশ ‘অভয়া পরিক্রমা-র ম্যাটাডোরগুলিকে আটকে দেয়। পুলিশের সঙ্গে জুনিয়ার ডাক্তারদের প্রথমে বচসা, পরে ধন্তাধন্তি শুরু হয়। ম্যাটাডোরগুলিকে পুলিশের হাত থেকে ছাড়িয়ে ধর্মতলার দিকে এগিয়ে যান আন্দোলনকারীরা। এর জেরে সেন্ট্রাল অ্যাভেনিউ শ্যামবাজারমুখী রাস্তা পুরোপুরি অবরুদ্ধ হয়ে পড়ে। এক পুলিশ কর্মী সামান্য আহত হয়েছেন বলে খবর।

এদিকে, ধর্মতলায় বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন করা হয়েছে। প্রবল যানজট তৈরী হওয়ায় সমস্যায় পড়েছেন সাধারণ যাত্রী থেকে শুরু করে গাড়ি চালকরা।

পুলিশের অনুমতি না মেলায় জুনিয়ার ডাক্তাররা পায়ে হেঁটে অভয়া পরিক্রমা কর্মসূচী চালাতে গেলে ফের তাদের বাধার মুখে পড়তে হয়।

উল্লেখ্য, গতকালই RG Kar এবং কুলতলীর নির্যাতিতার প্রতিকী মূর্তি নিয়ে পুজো মন্দপে ঘোরার কথা ঘোষণা করেছিলেন আন্দোলনকারী জুনিয়ার ডাক্তাররা।

অন্যদিকে, ডাক্তার নার্সদের তিনটি সংগঠন, RG Kar কান্ডের সঠিক তদন্ত চেয়ে CGO কমপ্লেক্স অভিযান করেছেন। করুণাময়ী মোড় থেকে মিছিল শুরু হয়ে CGO কমপ্লেক্স পর্যন্ত গেছেন তাঁরা। মেডিক্যাল সার্ভিস সেন্টার, সার্ভিস ডেস্টার্স ফোরাম এবং নার্সেস ইউনিটি এই অভিযানের ডাক দেয়। তারা সেখানে ডেপুটেশনও জমা দেন। এই কর্মসূচীকে কেন্দ্র করে CGO কমপ্লেক্স চতুরে বাড়ানো হয় নিরাপত্তা।

১০ দফা দাবীতে অনশনরত জুনিয়ার ডাক্তারদের সমর্থনে বিভিন্ন মেডিক্যাল কলেজ ও হাসপাতালে সিনিয়ার ডাক্তার-অধ্যাপকদের প্রতীকি গণহস্তফা অব্যাহত। RG Kar-এর পর কলকাতা মেডিক্যাল কলেজ, ন্যাশনাল মেডিক্যাল কলেজের সিনিয়ার ফ্যাকাল্টিরা গণহস্তফা দিয়েছেন বলে খবর। প্রতীকি গণহস্তফা-র খবর মিলেছে উত্তরবঙ্গ, জলপাইগুড়ি মেডিক্যাল কলেজ, মেডিনীপুর মেডিক্যাল কলেজে।

উত্তর ২৪ পরগনার সাগর দত্ত মেডিক্যাল কলেজ ও হাসপাতালে প্রায় ৩০ জন সিনিয়ার ফ্যাকাল্টি প্রতীকি গণহস্তফা দিয়েছেন বলে আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন।

কলকাতার অ্যাপোলো হাসপাতালের চিকিৎসকরাও আন্দোলনরত চিকিৎসকদের প্রতি সংহতি জানিয়ে আগামী সোমবার থেকে জরুরী বিভাগ ছাড়া সমস্ত বিভাগে কর্ম বিরতির ডাক দিয়েছেন।

রাজ্য সরকার অনশনরত জুনিয়ার চিকিৎসকদের স্বাস্থ্যের বিষয়ে গুরুত্ব দিয়ে অবিলম্বে তাঁদের সঙ্গে আলোচনায় না বসলে, আগামী দিনে আরো কড়া পদক্ষেপ নেওয়ার হাঁশিয়ারি দেওয়া হয়েছে।

---

রাজ্যপাল আজ অনশন মঞ্চে গিয়ে জুনিয়ার ডাক্তারদের সঙ্গে সাক্ষাত্ করেছেন। এর আগে রাজ্য সরকার মানুষকে পরিষেবা দিতে ব্যর্থ বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস জানিয়েছেন আজ রাজত্বন থেকে প্রকাশিত এক ভিডিও বার্তায় তিনি উল্লেখ করেন। পাশাপাশি জুনিয়ার চিকিৎসকদের আন্দোলনে সমর্থনে সিনিয়র চিকিৎসকদের গণহস্তফার কথাও জানিয়েছেন তিনি। যদি রাজ্যে কোন দায়িত্বশীল সরকার থাকে তবে ভুল সংশোধন করে মানুষের কাছে ক্ষমা চাওয়া উচিত বলে জানিয়েছেন রাজ্যপাল।

নাগরিক সমাজের প্রতিনিধিরাও অনশন মধ্যে সমবেত হয়েছেন। অভিনেত্রী পরিচালক অপর্ণা সেন অনশন মধ্যে গিয়ে মুখ্যমন্ত্রীকে সেখানে আসার আবেদন জানান।

---

অনশনরত জুনিয়র চিকিৎসকদের দাবিকে সমর্থন করে দ্রুত তার সমাধানের আবেদন জানিয়ে নাগরিক সমাজের একাংশ রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এবং মুখ্যসচিব মনোজ পন্থকে আজ সকালে ই মেল করেন চলচ্চিত্র, শিক্ষা, চিকিৎসা ক্ষেত্রে বিশিষ্ট জনদের একাংশ। তাঁদের বক্তব্য, চিকিৎসকদের নিরাপত্তা ও সুরক্ষায় হাসপাতালগুলিতে এখনও পরিকাঠামোগত বিষয়ে ঘাটতি থেকে গিয়েছে। আর জি কর কাণ্ডের পরে জয়নগর সহ রাজ্যের বেশ কিছু জায়গায় ঘোন নিগ্রহ এবং হেনস্টার ঘটনায় প্রশাসনের উপরে ভরসা করতে না পেরে সাধারণ মানুষ নিরাপত্তার অভাব বোধ করছেন বলে তাঁদের অভিযোগ।

---

আর জি কর কাণ্ডে আন্দোলনরত ডাক্তারদের সঙ্গে রাজ্য সরকারকে দ্রুত আলোচনায় বসার আবেদন জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষর সরকার। সাধারণ মানুষ স্বাস্থ্য পরিষেবা যাতে ঠিকমতো পায় সে ব্যাপারেও রাজ্য সরকারকে সজাগ ,সতর্ক থাকতে হবে বলে শুভক্ষর বাবু মন্তব্য করেন।

---

মীনাক্ষী মুখাজ্জীর নেতৃত্বে বাম প্রতিনিধিদের একটি দল, আজ নির্যাতিতার বাড়িতে গিয়ে তাঁর মা বাবা ও পরিবারের সদস্যদের সঙ্গে দেখা করেন। পরে সাংবাদিকদের কাছে মীনাক্ষী বলেন, মেয়ের হত্যার দুমাস অতিবাহিত হয়ে যাওয়ার পরেও শোকসন্তপ্ত পরিবারকে ধর্না অবস্থানে বসতে হচ্ছে, এটা অত্যন্ত লজ্জার।

(বাইট- মীনাক্ষী)

নির্যাতিতার মা, রাজ্যবাসীর কাছে সন্তানের মঙ্গল কামনায় আজ রাত ৯'টায় ৯'টি  
প্রদীপ জ্বালিয়ে আরাধনার আর্জি জানান।

(বাইট- অভয়ার মা )

---

দক্ষিণ ২৪ পরগণার কুলতলীতে চতুর্থ শ্রেণীর স্কুল ছাত্রীকে শারীরিক নির্যাতন ও  
খুনের ঘটনার প্রতিবাদে আজ কৃপাখালি এলাকার বাসিন্দারা বিক্ষোভে সামিল হয়েছেন।  
অবরোধ করা হয়েছে রাস্তা'ও। রাতে প্রদীপ, মোমবাতি জ্বালিয়ে তাঁরা প্রতিবাদ জানাবেন  
বলে জানিয়েছেন। এলাকায় মোতায়েন আছে বিশাল পুলিশ বাহিনী।

এদিকে, প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী আজ কুলতলিতে নির্যাতিতার  
বাড়িতে যান। পরিবারের পাশে থাকার বার্তা দেন তিনি। এই ঘটনায় দ্রুত, নিরপেক্ষ  
তদন্ত এবং অপরাধীর কঠোর শাস্তির দাবি জানিয়েছেন তিনি। পাশাপাশি রাজ্য পুলিশের  
ভূমিকা নিয়েও এদিন প্রশ্ন তোলেন অধীর বাবু।

বাইট

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভা, দেশের নাগরিকদের পুষ্টি  
নিরাপত্তা নিয়ে আজ একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে। মন্ত্রিসভার বৈঠকের পর তথ্য ও  
সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবে বলেছেন, সরকার রেশনে পুষ্টি পদার্থ পূর্ণ চাল বা  
ফরটিফায়েড রাইস সরবরাহের সিদ্ধান্ত নিয়েছে। এর জন্য খরচ ধরা হয়েছে ১৭ হাজার  
৬০০ কোটি টাকা। শ্রী বৈষ্ণবে বলেন, প্রধানমন্ত্রী গরীব কল্যাণ যোজনা এবং অন্যান্য  
কল্যাণমূলক প্রকল্পের অধীনে বিনামূল্যে এই চাল দেওয়া হবে।

---

শারদীয়া দুর্গোৎসবের আজ ষষ্ঠী। আজ সকাল থেকে বেলুর মঠ সহ বিবিন্ন মন্ডপে শুরু হয় কল্পারণ্ত ও যথাবিহিত ষষ্ঠীর পুজোপাট। সন্ধ্যায় চলছে আমন্ত্রণ ও অধিবাস।

কলকাতা এবং জেলার নামকরা মন্ডপগুলিতে আজ সকাল থেকেই প্রতিমা দর্শণার্থীরা ভিড় জমান। সন্ধ্যা নামতেই মন্ডপে মন্ডপে ঢল নেমেছে দর্শণার্থীদের। আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

---

রাজ্য সরকার কলকাতা ও পার্শ্ববর্তী এলাকার নির্বাচিত পুজোগুলির জন্য এবছরের বিশ্ব বাংলা শারদ সম্মান ঘোষণা করেছে। তথ্য ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন কলকাতায় সাংবাদিক বৈঠকে সেরার সেরা, সাবেকি পুজো ও সেরা মন্ডপের মত সাতটি বিভাগ ছাড়াও বিশ্ব বাংলা পুজোর সেরা গান বিভাগে জয়ী পুজো কমিটিগুলির নাম ঘোষণা করেন। বেহালা নতুন দল, সমাজসেবী সংঘ, আলিপুর সর্বজনীনের মত ৩২ টি পুজো সেরার সেরা বিভাগে জায়গা পেয়েছে। সেরা সাবেকি পুজোর তালিকায় রয়েছে ৬ টি, সেরা প্রতিমা তিনটি, সেরা ভাবনা ১৫ টি, সেরা পরিবেশ বান্ধব পুজো হিসাবে ১৪ টি পুজো কমিটিকে সম্মান প্রদান করা হবে।

এছাড়া বিশ্ব বাংলা পুজোর সেরা গানের জন্য গায়িকা শ্রীরাধা বন্দ্যোপাধ্যায়কে সম্মান জানানো হয়েছে। কলকাতা ছাড়াও ২২ টি জেলার নির্বাচিত পুজো কমিটিগুলিতে মোট চারটি বিভাগে শারদ সম্মান দেওয়া হয়েছে বলেও মন্ত্রী ইন্দ্রনীল সেন জানিয়েছেন।

---